# দুর্গাপূজা শান্তিপূর্ণ উদযাপনে সবার সতর্কতা জরুরি: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আসন্ন দুর্গাপূজা ঘিরে সর্বস্তরের মানুষকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। পূজা উদযাপন পরিষদের নেতাদের সঙ্গে বৈঠকে তিনি পূজার প্রস্তুতি ও নিরাপত্তা বিষয়ে খোঁজখবর নেন। নেতারা জানান, এ বছর দেশে পূজামণ্ডপের সংখ্যা বেড়েছে এবং সরকারের পক্ষ থেকে পূর্ণ সহযোগিতা দেওয়া হচ্ছে।

আসন্ন শারদীয় দুর্গাপূজাকে ঘিরে শান্তিপূর্ণ পরিবেশ অক্ষুণ্ণ রাখতে সর্বস্তরের মানুষকে সজাগ থাকার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিভিন্ন পূজা উদযাপন পরিষদের নেতাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ আহ্বান জানান।

তিনি বলেন, “দুর্গাপূজাকে কেন্দ্র করে কোনো ষড়যন্ত্র বা অস্থিতিশীলতা যেন না ঘটে, সেদিকে সবার নজর রাখতে হবে।” এ সময় তিনি পূজার সার্বিক প্রস্তুতি, নিরাপত্তা ব্যবস্থা এবং দেশের পূজামণ্ডপগুলোর অগ্রগতি সম্পর্কে বিস্তারিত খোঁজ নেন।

হিন্দু সম্প্রদায়ের নেতারা প্রধান উপদেষ্টাকে পূজামণ্ডপ পরিদর্শনের আমন্ত্রণ জানান। তারা জানান, গত বছরের তুলনায় এ বছর এক হাজারেরও বেশি নতুন পূজামণ্ডপ স্থাপন করা হচ্ছে এবং দেশের নানা প্রান্তে প্রস্তুতি জোরদারভাবে চলছে।

সরকারের বিভিন্ন দপ্তরের সহযোগিতায় এবারের দুর্গাপূজা আরও সুষ্ঠুভাবে সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন নেতৃবৃন্দ। ধর্ম মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের আন্তরিক প্রচেষ্টার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে তারা বলেন, আগের মতো এবারও নির্বিঘ্নে ও উৎসবমুখর পরিবেশে পূজা উদযাপন সম্ভব হবে।

LENS ASIA